মুজিবনগর সরকারি শিশু পরিবারের স্কুল ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ

সেভ দ্য চিলড্রেনের উদ্যোগে মেহেরপুরের মুজিবনগর সরকারি শিশু পরিবারের শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার বিকেল ৫টায় মানিকনগর ডিএম আমিনিয়া আলিম মাদ্রাসায় মুজিবনগর সরকারি শিশু পরিবারের ৯০ জন শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনি, মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার ওসমান গনি ।

আরো উপস্থিত ছিলেন মুজিবনগর সরকারি শিশু পরিবারের তত্ত¡◌াবধায়ক রুমানা ইয়াসমিন, সেভ দ্য চিলড্রেন মেহেরপুর ফিল্ড অফিসের ডেপুটি ম্যানেজার হাবিবুর রহমান, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির পরিচালক মোশারফ হোসেন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরের পুরন্দরপুরে রাইস মিলে জড়িয়ে শিশুর মৃত্যু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামে রাইস মিলের লাইনশ্যাপে জড়িয়ে সোহানা খাতুন নামের ৬ বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে।

শনিবার বিকাল সোয়া তিনটার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত সোহানা একই গ্রামের সুহিন ইসলামের মেয়ে।
স্থানীয়রা জানান, আবুল হাজির রাইস মিল রফিকুল ইসলাম নামের একজন লিজ নিয়ে পরিচালনাকেরেন। মিলের মূল লাইনশ্যাপটি মিল ঘরের বাইরেও বেশ খানিক বের হয়ে থাকে। ঘটনার সময় মিল চলছিল। শিশু সোহানা সেখানে খেলা খেলছিল। অসাবধানবশত মিলের লাইনশ্যাপে সোহানার পোশাক জড়িয়ে গেলে সোহানাও লাইন শ্যাপের সাথে পাক খেতে থাকে। এতে ঘটনাস্থলের তার মৃত্যু হয়।

-মুজিবনগর অফিস

যতারপুর-জাদুখালী ব্রিজ নির্মাণ করে দেয়া হবে

যতারপুর-জাদুখালীর মাঝখানে দীর্ঘদিন ধরে ব্রিজের অভাবে সাধারণ জনগনকে খুব কষ্টে সাঁকো পারাপার করতে হয়েছে।

যত দ্রæত সম্ভব তাদের এই কষ্ট নিরসন করতে হবে। তাই খুব তারাতারি যতারপুর-জাদুখালী ব্রিজ নির্মাণ করে দেয়া হবে।
বৃহস্প্রতিবার বিকালে মহাজনপুর ইউনিয়ন বাসীর আয়োজনে অনুষ্ঠিত মহাজনপুর মহাবিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ সকল কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল।

তিনি বলেন, মুজিবনগরে ২৯ কি.মি. ভৈরব নদী খনন করা হয়েছে। ইতিমধ্যে আরও ৫৬ কি.মি. ভৈরব নদী খননের অনুমোদন হয়েছে। যত দ্রæত সম্ভব সেটার কাজও বাস্তবায়ন করা হবে।

মহাজনপুর ইউনিয়ন বাসীর যাতে টাকা লেনদেন করতে দুরদুরান্তে যেতে না হয় সে জন্যে কোমরপুর অথবা মহাজনপুরে একটা ব্যাংক স্থাপন করতে চাই।

এছাড়া মুজিবনগরের উন্নতির জন্যে তৈরি করা ম্যাফ মাননীয়

প্রধানমন্ত্রীর কাছে উত্থাপন করা হয়েছে।
মুজিবনগরের উন্নয়নের জন্যে যা যা করার দরকার সকল কিছু তৈরি করে দেওয়া হবে। মানুষের কোন প্রত্যাশা অপুরন থাকবে না।

অনুষ্ঠান শুরুর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী নামফলক উন্মোচন করে মহাজনপুর মহাবিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন ঘোষনা করেন। এ সময় সেখানে মোনাজাত করা হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক আতাউল গনী, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী প্রমুখ ।

পরে বিদ্যালয় প্রাঙ্গনে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় মুজিব নগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাভলু সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্যে রাখেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহানউদ্দিন চুন্নু, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারি বকুল, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনসহ উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগ সংগঠনের নেতৃবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থী সহ সাধারন জনগণ উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

মোনাখালী বিদ্যালয়ের ছাদ ঢালাই কাজের উদ্বোধন

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উদ্যোগে মেহেরপুরের মুজিবনগর

উপজেলার মোনাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণাধীন বিল্ডিং এর ছাদ ঢালাই কাজের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ওসমান গনি ছাদ ঢালাই উদ্বোধন করেন। এসময় মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফজুর রহমানসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

- মুজিবনগর প্রতিনিধি

মুজিবনগরে গাঁজা সেবনকারীর তিন মাসের জেল

মুজিবনগরে গাঁজা সেবন অপরাধে বাপ্পি হোসেন(২০) নামের এক জনকে তিন মাসের কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার সকাল সাড়ে এগারোটার দিকে মোনাখালী ঈদগাহ ময়দানের পাশের বাঁশবাগানের ভিতর তাকে এ সাজা দেওয়া হয়। সাথে ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার উসমান গনি। বাপ্পি হোসেন মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের শাহাবুদ্দিন এর ছেলে।

উপজেলা নির্বাহি অফিসার উসমান গণি জানান, বাপ্পি হোসেন গাঁজা খাওয়ার জন্য মোনাখালী ঈদগাহ ময়দানের পাশে বাঁশবাগানের কাছে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১)এর ২১ ধারায় এবং মোবাইল কোর্ট আইন ২০০৯ এর বিধান মোতাবেক ৩ মাসের কারাদণ্ড দেওয়া হয়, সাথে ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

-মুজিবনগর অফিস

মেহেরপুরের মানিকনগরে আমার বাড়ি আমার খামার সমিতি উঠান বৈঠক অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর উপজেলা আমার বাড়ি আমার খামার প্রকল্পের উদ্যোগে মুজিবনগর উপজেলার মানিকনগর গ্রামে আমার বাড়ি আমার খামার সমিতি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার দুপুরের দিকে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার মো: ওসমান গনির সভাপতিত্বে উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগের অতিরিক্ত কমিশনার (উন্নয়ন) নিশ্চিন্ত কুমার পোদ্দার।
উঠান বৈঠক মানিকনগর গ্রামের মহিলারা উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ-সার বিতরণ

মুজিবনগরে ২০১৯-২০ অর্ধবছরে ভূট্টা, সরিষা, পেঁয়াজ, শীতকালীন মুগ ও গ্রীষ্মকালীন মুগ উদপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্য বীজ ও সার বিতরন করা হয়েছে।

গতকাল সোমবার বিকাল সারে তিনটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি স¤প্রাসারণ অধিদপ্তরের আয়োজনে ২ হাজার ৪ শত ৫০ জন কৃষকের মাঝে এ সকল বীজ ও সার বিতরণ করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বীজ- সার বিতরনের উদ্বোধন করেন।

উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খাঁনের সভাপতিত্বে এ সময় কৃষি স¤প্রাসারণ অফিসার আবু বকর সিদ্দিক, সহকারী কৃষি স¤প্রাসারণ অফিসার আব্দুস সোবহান, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা শহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

অযথা কাউকে হয়রানি দেওয়া যাবে না খুলনা বিভাগের অতিরিক্ত কমিশনার

খুলনা বিভাগের অতিরিক্ত কমিশনার (উন্নয়ন) নিশ্চিন্ত কুমার পোদ্দার বলেছেন, নিষ্ঠার সাথে সরকারি দায়িত্ব পালন করতে হবে।

তিনি আরও বলেন, অযথা কাউকে হয়রানি দেওয়া যাবে না। অতিরিক্ত বিভাগীয় কমিশনার নিশ্চিন্ত কুমার পোদ্দার গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুরের মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে মুজিবনগর উপজেলা সরকারি কর্মকর্তাদের সাথে মতবিনিময় কালে এ কথা বলেন।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার মো: ওসমান গনির সভাপতিত্বে মতবিনিময় সভায় অন্যদের মধ্যে উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, কৃষি কর্মকর্তা আনিসুজ্জামান খান, মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, সমাজসেবা কর্মকর্তা আবদুর রবসহ উপজেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে দৈনিক সময়ের সমীকরন পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী

গতকাল রোববার বিকাল সাড়ে ৪ টায় মেহেরপুরের মুজিবনগর প্রেস ক্লাবের অফিসে চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত ঈর্ষান্বিত সাফল্যের শীর্ষে দৈনিক সময়ের সমীকরণের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

মুজিবনগর ব্যুরো প্রধান মুনশী মোকাদ্দাসে হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন ঘোষণা করেন।

এসময় বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। পত্রিকার দীর্ঘায়ু কামনা করে বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিন মুজিবনগরে ব্যুরো প্রধান রেজাউল করিম রেজা, মেহেরপুরের চোখ অনলাইন পত্রিকার প্রতিনিধি সোহাগ মন্ডল, দৈনিক অধিকার পত্রিকার জেলা প্রতিনিধি শাকিল রেজা।

সবশেষে দৈনিক সময়ের সমীকরণ এর সকল পাঠক, গ্রাহক শুভানুধ্যায়ীর জন্য দোয়া কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে বাদিকে ফাঁসাতে বিবাদীর পাল্টা মামলা!

সড়ক দুর্ঘটনাকে হামলা সাজিয়ে বাদিকে ফাঁসাতে পাল্টা মামলা করেছেন রোমানুজ্জামান লিজন। সড়ক দুর্ঘটনাটি গত ২ নভেম্বর ঘটলেও মামলা সাজানোর ক্ষেত্রে সময় লাগায় ৬ নভেম্বর থানায় মামলা দায়ের করা হয়েছে।

আর এই মামলায় ফাঁসানো হয়েছে মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক তুষার ইমরানকে।
হত্যা চেষ্টা মামলার ২নং আসামী রোমানুজ্জামান লিজন বাদি হয়ে তুষারকে ফাঁসাতে মেহেরপুর সদর থানায় পাল্টা মামলা দায়ের করেছেন।

রোমানুজ্জামান লিজন মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের রবিউল ইসলামের ছেলে।
গত ২ নভেম্ববর মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর মাঠের রাস্তায় সুজনের ইটভাটার কাছে মটরসাইকেল যোগে বাড়ি ফেরার পথে তরিকুল ও লিজন মোড় ঘোরার সময় নিয়ন্ত্রণ হারিয়ে ছিটকে পড়ে যায়।

পরে তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনার প্রত্যক্ষদর্শী মেহেরপুর শহরের নতুন পাড়ার রাজিব এসব কথা বলেন। এ ঘটনায় তরিকুলের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে ঢাকায় রেফার্ড করা হয়।

এই দুর্ঘটনাটিকে প্রতিশোধ হিসেবে নিতে তারা তুষার সহ ৪ জনের বিরুদ্ধে হামলা করার অভিযোগ তোলে এবং লিজন বাদি হয়ে হত্যা চেষ্টার অভিযোগে তুষার, মহিরুল ইসলাম, সুজন আলী, শামীম রেজার নামে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেছেন।

এ ঘটনায় তুষার ইমরান বলেন, গত ২ নভেম্বর আমি মুজিবনগর সমবায় অফিসের একটি অনুষ্ঠানে ছিলাম যায় সনদ আমার কাছে সংরক্ষিত। আমাকে ফাসানোর জন্য তারা আমার বিরুদ্ধে মিথ্যা মামলা করেছে। কারণ গত ৩০-০৯-০১৯ তারিখে মুজিবনগর ডিগ্রি কলেজের সামনে আশিকের নেতৃত্বে লিজন সহ বেশ কয়েকজন আমাকে হত্যা চেষ্টা করে।

এ ঘটনায় আমি বাদি হয়ে আদালতে একটি মামলা দায়ের করি। ঐ মামলায় আসামিরা জেল খেটে জামিনে মুক্তি পায়। তারই প্রতিশোধ নিতে লিজন আমাকে সহ ৪জনের বিরুদ্ধে সদর থানায় মামলা দায়ের করে।

এ বিষয়ে লিজন মামলায় উল্লেখ করেছেন , গত ০২ নভেম্বর মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের তিন রাস্তার মোড়ে মেহেরপুর থেকে বাড়ি ফেরার পথে আসামীগণ পূর্ব পরিকল্পিতভাবে আমাদের উপর হামলা চালায়। এতে তরিকুল সহ আমি মারাত্বক জখম হই।

মামলার তদন্ত কর্মকর্তা মেহেরপুর সদর থানার এসআই আহসান হাবিব

বলেন, লিজন বাদি হয়ে সদর থানায় একটি মামলা করেছে। এ ঘটনা সত্য না মিথ্যা সেটি তদন্ত শেষে বলা যাবে। তবে মামলাটি নিয়ে মিশ্র প্রতিক্রিয়া রয়েছে তদন্ত শেষ না করে সঠিক তথ্য নিশ্চিত করা যাবে না।

- নিজস্ব প্রতিনিধি